

সৌদি আরব ও আফ্রিকার মধ্যে নতুন শিপিং রুট

- A Monitor Desk Report

Date: 06 April, 2024



রিয়াড: সৌদি আরব ও আফ্রিকার বন্দরগুলোর মধ্যে যোগাযোগ সম্প্রসারণে চালু হতে যাচ্ছে নতুন সামুদ্রিক রুট। এ পথে পরিষেবা দেবে জার্মান কনটেইনার পরিবহন সংস্থা হ্যাপাগ-লয়েড। মাওয়ানি নামে পরিচিত সৌদি আরবের বন্দর কর্তৃপক্ষ সম্প্রতি এ ঘোষণা দিয়েছে।

সমুদ্রপথে সৌদি আরবের সঙ্গে বিশ্বের অন্যান্য অংশীদারের মধ্যে বাণিজ্য বৃদ্ধির লক্ষ্যে নতুন এ পরিষেবা চালু হয়েছে বলে জানিয়েছে কর্তৃপক্ষ। সৌদি ও আফ্রিকার বন্দরগুলোর মধ্যবর্তী নতুন এ রুটের নাম জেডিএক্স। এর মাধ্যমে মরক্কো ও মিসরসহ একাধিক দেশের বন্দরকে সৌদি আরবের জেদ্দা ইসলামিক বন্দরকে সংযুক্ত করবে।

নতুন এ রুটে সাপ্তাহিক ভিত্তিতে সৌদি ও আফ্রিকার মধ্যে জাহাজ চলাচল অন্তর্ভুক্ত থাকবে। প্রাথমিক শিপিং পরিষেবার আওতায় ৪ হাজার ২৫৩ বিশ-ফুট ইউনিটের সমতুল্য পণ্য পরিবহন করা হবে।

তিন মহাদেশের মধ্যে সংযোগ স্থাপনের মাধ্যমে একটি বিশ্বব্যাপী লজিস্টিক হাব হিসেবে সৌদি আরবের অবস্থানকে মজবুত করার লক্ষ্যে কাজ করছে মাওয়ানি। হ্যাপাগ-লয়েডের পরিষেবা এ উদ্যোগের একটি অংশ। বিশ্লেষকরা জানান, এ পদক্ষেপ সৌদি আরবের জাতীয় পরিবহন ও লজিস্টিক কৌশলের উদ্দেশ্যের সঙ্গে সামঞ্জস্য রেখে সরবরাহ চেইনের উন্নতি আন্তর্জাতিক সূচকে দেশটির র‌্যাঙ্কিং এগিয়ে নিতে সাহায্য করবে।

এদিকে সম্প্রতি উত্তর লোহিত সাগরে একটি নতুন শিপিং পরিষেবা চালু করেছে সৌদি আরব। মাওয়ানি জানায়, এর মাধ্যমে সৌদি জেদ্দা ইসলামিক বন্দর, ইয়ানবু বাণিজ্যিক বন্দর ও নিওম বন্দরের সঙ্গে জর্ডানের আকাবা বন্দর ও মিসরের আইন সোখনা বন্দর সংযুক্ত হবে।

গত মাসে জেদ্দায় মাওয়ানি ও লজিস্টিকস সংস্থা এমইডিএলওজি সমন্বিত লজিস্টিক জোন প্রতিষ্ঠার জন্য একটি চুক্তি স্বাক্ষর করে। এক বিবৃতি অনুযায়ী, শিপিং কোম্পানি এমএসসির লজিস্টিক শাখার সঙ্গে সমন্বিতভাবে অংশীদারত্ব করেছে সৌদি কর্তৃপক্ষ। যার বিনিয়োগ মূল্য ৪ কোটি ৬৬ লাখ ডলার। এ প্রকল্পে কনটেইনার রক্ষণাবেক্ষণ ও অন্যান্য কার্যক্রম অন্তর্ভুক্ত থাকবে। এর মাধ্যমে ৪০০ প্রত্যক্ষ ও পরোক্ষ চাকরির

পাশাপাশি লজিস্টিক পরিষেবা খাতে সৌদি কর্মীদের প্রশিক্ষণ দেয়া হবে।

-B